# মডেল টেস্ট-৬

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ: ১ × ৫০ = ৫০**

**১. মুক্তিযুদ্ধের জন্য মুজিবনগর সরকার গুরুত্বপূর্ণ কেন?**
ক. দেশের মঙ্গলের জন্য খ. আইন প্রণয়নের জন্য
গ. অর্থনৈতিক উন্নয়নের জন্য
ঘ. মুক্তিযুদ্ধকে সুন্দরভাবে পরিচালনার জন্য

**২. পাকিস্তানি বাহিনীর বিরুদ্ধে সমগ্র বাঙালি মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ার প্রধান কারণ কোনটি?**
ক. স্বাধীনতা অর্জন খ. অর্থনৈতিক মুক্তিলাভ
গ. সামাজিক দায়বদ্ধতা
ঘ. রাজনৈতিক অধিকার আদায়

**৩. একটি ধ্বনি শুনলে পাক হানাদারদের বুক ভয়ে কেঁপে উঠত। এখানে কোন ধ্বনির কথা বলা হয়েছে?**
ক. জয় মুক্তিযুদ্ধ খ. জয় ভারত
গ. জয় পাকিস্তান ঘ. জয় বাংলা

**৪. মুক্তিযুদ্ধ চলাকালীন পাকিস্তানি সেনাবাহিনী কর্তৃক বাংলাদেশি বুদ্ধিজীবীদেরকে হত্যা করা হয়েছিল। এর ফলে বাংলাদেশের সবচেয়ে বড় ক্ষতিটি কী ছিল?**
ক. এদেশের অর্থনীতি ধ্বংস হওয়া
খ. সকল মেধাবী লোকের মৃত্যু
গ. বাঙালিদের জয় বিলম্বিত হওয়া
ঘ. অনেক শহর ধ্বংস হওয়া

**৫. নবাবকে হত্যার মাধ্যমেই বাংলায় ইংরেজদের দীর্ঘদিনের শাসন প্রতিষ্ঠিত হয়। এই শাসন কত বছর স্থায়ী ছিল?**
ক. ১০০ খ. ২০০
গ. ৩০০ ঘ. ৪০০

**৬. প্রথম ব্রিটিশ বিরোধী স্বাধীনতা সংগ্রাম হলো সিপাহি বিদ্রোহ। এ বিদ্রোহের সাথে নিচের কোন ব্যক্তিটির নাম জড়িত?**
ক. দুদু মিয়া খ. মঙ্গল পাণ্ডে
গ. ক্ষুদিরাম ঘ. তিতুমির

**৭. ব্রিটিশ বিরোধী আন্দোলনের তৃতীয় ধাপের নেতৃত্ব দিয়েছেন। দুজন বিশিষ্ট ব্যক্তি। একজন হলেন নেতাজী সুভাষ চন্দ্র বসু। অপরজন কে ছিলেন?**
ক. মহাত্মা গান্ধী খ. নেহেরু
গ. জিন্নাহ ঘ. এ. কে. ফজলুল হক

**৮. তোমার পাঠ্যবই-এর কোন সভ্যতাটি সমুদ্র বাণিজ্যের সাথে যুক্ত ছিল?**
ক. পাহাড়পুর খ. মহাস্থানগড়
গ. ময়নামতি ঘ. উয়ারী-বটেশ্বর

**৯. বাংলাদেশের একটি ঐতিহাসিক স্থানের বিহারের চারপাশে কতগুলো গোপন কুঠুরি রয়েছে। এর সংখ্যা কত?**
ক. ১৭৫টি খ. ১৭৭টি
গ. ১৭৮টি ঘ. ১৮০টি

**১০. ঢাকা বাংলাদেশের রাজধানী। কখন রাজধানী সোনারগাঁও থেকে ঢাকায় স্থানান্তর করা হয়েছিল?**
ক. ১৬০৮ সালে খ. ১৬০৯ সালে
গ. ১৬১০ সালে ঘ. ১৬৩০ সালে

**১১. ঐতিহাসিক স্থান ও প্রত্নতাত্ত্বিক নিদর্শন সম্পর্কে জানার সর্বোত্তম উপায় হলো—**
ক. বর্ণনা শোনা
খ. চলচ্চিত্র দেখা
গ. স্থানসমূহ ভ্রমণ করা
ঘ. সংশ্লিষ্ট বিষয়ে অধ্যয়ন করা

**১২. রিমির দেশটির জনসংখ্যার প্রায় ৮০ ভাগ মানুষ চাষাবাদ এবং ফসল উৎপাদনের সাথে জড়িত। রিমির দেশটি কোন ধরনের?**
ক. শিল্পপ্রধান খ. কৃষিপ্রধান
গ. উন্নত ঘ. অনুন্নত

**১৩. সামিন শীতকালে গ্রামে গিয়ে চারপাশে সরিষার ক্ষেত দেখতে পেল। সরিষার বীজ থেকে আমরা কী পাই?**
ক. তেল খ. মসলা গ. খাদ্যশস্য ঘ. আটা

**১৪. রহিম মিয়া সিলেটে বেড়াতে যান। সেখানকার পাহাড়ের ঢালে এক ধরনের বাগান দেখেন। এটি কীসের বাগান?**
ক. আম খ. কলা গ. কাঁঠাল ঘ. চা

**১৫. বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ শিল্প যার অধিকাংশ কারখানা ঢাকা, নারায়ণগঞ্জ ও গাজীপুর জেলাতে রয়েছে। শিল্পটির নাম কী?**
ক. পাট শিল্প খ. বস্ত্র শিল্প
গ. কাগজ শিল্প ঘ. সিমেন্ট শিল্প

**১৬. স্কুলের পোশাক না থাকার কারণে জাহিদ স্কুলে যেতে চায় না। জাহিদ তার কোন অধিকার থেকে বঞ্চিত হয়েছে?**
ক. খাদ্য খ. বস্ত্র
গ. শিক্ষা ঘ. নিরাপত্তা

**১৭. রিপা পরিবারের আয়মূলক কাজ করায় বিদ্যালয়ে যায় না। এতে সে কোনটি থেকে বঞ্চিত হচ্ছে?**
ক. বস্ত্র খ. বাসস্থান
গ. চিকিৎসা ঘ. শিক্ষা

**১৮. দেশের বেকারত্ব কমাতে কারিগরি শিক্ষার প্রসার ঘটাতে হবে। এর ফলে কোনটি ঘটবে?**
ক. শিল্পের প্রসার খ. কৃষির প্রসার
গ. বাণিজ্যের প্রসার ঘ. শিক্ষার প্রসার

**১৯. শিল্প কারখানা ও যানবাহন বৃদ্ধিতে বায়ু দূষিত হয়ে বিশ্বের জলবায়ু বদলে যাচ্ছে। এ জন্যে দায়ী কে?**
ক. প্রকৃতি খ. মানুষ
গ. সরকার ঘ. পরিবেশ

**২০. গত বর্ষায় তুলিদের গ্রাম নদীগর্ভে বিলীন হয়ে যায়। এই দুর্যোগের কারণ কী ছিল?**
ক. টর্নেডো খ. গাছ কাটা
গ. সাইক্লোন ঘ. তীব্র বন্যা

teachingbd.com

২১. বাড়ি নির্মাণের সময় সরকারি সতর্কতা অবলম্বন করলে বড় এক দুর্যোগ থেকে রক্ষা হয়। এখানে কোনটির কথা বলা হচ্ছে?
ক. বন্যা খ. খরা
গ. ভূমিকম্প ঘ. জলোচ্ছ্বাস

২২. নারী নির্যাতন বন্ধে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা রাস্তায় মানববন্ধন করছে। এ ধরনের কর্মসূচির উদ্দেশ্য কী?
ক. মানবাধিকার রক্ষা খ. নারী শিক্ষা বৃদ্ধি
গ. নারী পুরুষের সমতা রক্ষা
ঘ. সামাজিক অধিকার রক্ষা

২৩. জাহিদকে কেউ আদর করতে গেলে সে রেগে যায়। এর কারণ কী?
ক. ভালো ছাত্র বলে খ. অটিজমে আক্রান্ত বলে
গ. ধনী পরিবারের শিশু বলে
ঘ. পিতা-মাতার আদরের সন্তান বলে

২৪. নদীভাঙনের শিকার হয়ে মামুনদের পরিবার ঢাকায় এসে ফুটপাতে রাত কাটায়। এখানে তাদের কোন অধিকার লঙ্ঘিত হচ্ছে?
ক. মানবাধিকার খ. রাজনৈতিক অধিকার
গ. সাংস্কৃতিক অধিকার ঘ. অর্থনৈতিক অধিকার

২৫. মনে কর, তোমার বাড়িতে একটি কাজের মেয়ে রয়েছে। তুমি তার সাথে কীরূপ আচরণ করবে?
ক. তার প্রতি সদয় থাকব খ. তাকে কাজে ব্যস্ত রাখব
গ. আদেশের সুরে কথা বলব
ঘ. পরিশ্রমের কাজ তাকে দিয়ে করাব

২৬. নিউইয়র্কের নারীরা গার্মেন্টিসে শিশুশ্রম বন্ধে আন্দোলনের ডাক দিলে বিশ হাজার নারী শ্রমিক অংশ নেয়। এটি নারীদের কীসের উদাহরণ সৃষ্টি করেছে?
ক. ঐক্যবদ্ধতার খ. প্রতিযোগিতার
গ. প্রতিবাদের ঘ. সচেতনতার

২৭. মমতা প্রায়ই তার শ্বশুর বাড়িতে নির্যাতনের শিকার হয়। এর ফলে মমতার কোন অধিকার খর্ব হয়?
ক. অর্থনৈতিক খ. মানবাধিকার
গ. রাজনৈতিক ঘ. সামাজিক অধিকার

২৮. প্রতিবেশীদের সাথে সুসম্পর্ক রাখার প্রধান কারণ হলো—
ক. আমরা একই এলাকায় বাস করি বলে
খ. আমাদের ব্যবহার ভালো হওয়া উচিত বলে
গ. তাদের সাথে আমাদের দেখা হয় বলে
ঘ. আমরা অসুবিধায় পড়লে তারা এগিয়ে আসেন বলে

২৯. স্কুলের মাঠে খেলতে গিয়ে তোমার বোন গুরুতর আঘাত পেয়েছে। তুমি কী করবে?
ক. ঝাড়ফুক দেয়া লোকের কাছে নিয়ে যাব
খ. আমি নিজেই তার চিকিৎসার চেষ্টা করব
গ. তাকে ডাক্তারের কাছে নিয়ে যাব
ঘ. প্রাথমিক চিকিৎসা দিয়ে ডাক্তারের কাছে নিয়ে যাব

৩০. শিক্ষক বলেন, 'ক' সম্পদটি রাষ্ট্রীয় সম্পদ। তাই এর অপচয় করা উচিত নয়। এখানে কোন সম্পদকে বোঝানো হয়েছে?
ক. হাসপাতাল খ. খেলার মাঠ
গ. বিদ্যালয় ঘ. বিদ্যুৎ

৩১. মিনু এ বছর নির্বাচনে ভোটদান করেছে। এর ফলে সে কোন ধরনের কর্তব্য পালন করেছে?
ক. সমাজের প্রতি খ. রাষ্ট্রের প্রতি
গ. পরিবারের প্রতি ঘ. সরকারের প্রতি

৩২. সুমিদের বিদ্যালয়ের শিক্ষার্থীরা বনভোজনে যাবে। তারা কীভাবে স্থান নির্বাচন করবে?
ক. শিক্ষকের মতামত নিয়ে
খ. শিক্ষার্থীদের মতামত নিয়ে
গ. শ্রেণিনেতাদের মতামত নিয়ে
ঘ. শিক্ষক ও শিক্ষার্থীদের মতামত নিয়ে

৩৩. বুলবুলের এলাকায় আসন্ন পৌরসভা নির্বাচনে সব রাজনৈতিক দলগুলো অংশ নেয়। এর ফলে কোনটি প্রতিষ্ঠা হয়েছে?
ক. গণতন্ত্র খ. রাজতন্ত্র
গ. একনায়কতন্ত্র ঘ. স্বৈরতন্ত্র

৩৪. সিফাতের বাবা বাড়িতে কারও সাথে পরামর্শ না করেই নিজের পছন্দমতো রং করেন। সিফাতের বাবার আচরণে কোনটির অভাব রয়েছে?
ক. গণতান্ত্রিক মনোভাবের খ. নেতৃত্বের মনোভাবের
গ. সচেতন মনোভাবের ঘ. উদার মনোভাবের

৩৫. 'ক' তার পিতার সাথে শ্রীমঙ্গলের 'কাজিম পিন' নামক ব্লাউজ ও লুঙ্গি সম্পর্কে জানতে পারে। এ পোশাক কারা পরেন?
ক. খাসি মেয়েরা খ. গারো মেয়েরা
গ. ত্রিপুরা মেয়েরা ঘ. ওঁরাও মেয়েরা

৩৬. বাংলাদেশের একটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ঘরগুলো সাধারণত চাকমা ও মারমাদের তুলনায় উঁচু। এ জনগোষ্ঠীর নাম কী?
ক. ম্রো খ. রাখাইন
গ. মণিপুরি ঘ. ত্রিপুরা

৩৭. সিফাত বই পড়ে জানতে পারলো একটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ভাষা হচ্ছে কুড়ুখ ও সাদ্রি। সিফাত কোন জনগোষ্ঠী সম্পর্কে জেনেছে?
ক. ওঁরাও খ. ম্রো
গ. গারো ঘ. খাসি

৩৮. জনাব শাহীন একটি আন্তর্জাতিক সংস্থার পক্ষ থেকে কঙ্গো গিয়েছেন শান্তিরক্ষার জন্য। তিনি কোন সংস্থার পক্ষে যোগ দিয়েছেন?
ক. সার্ক খ. জাতিসংঘ
গ. ন্যাটো ঘ. আসিয়ান

৩৯. জাতিসংঘের একটি সংস্থা শিশুদের প্রাথমিক শিক্ষায় ও বিভিন্ন প্রতিষেধক টিকা দানে সহায়তা করে। এ সংস্থার নাম কী?
ক. ইউএনডিপি খ. বিশ্বব্যাংক
গ. ইউনেস্কো ঘ. ইউনিসেফ

৪০. বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে প্রতিবছর বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ আঘাত হানে। ফলে এ দেশে খাদ্য ঘাটতি দেখা দেয়। এক্ষেত্রে কোন সংস্থার নিকট থেকে আমরা সহযোগিতা পেয়ে থাকি?
ক. ইউনেস্কো খ. ইউএনডিপি
গ. খাদ্য ও কৃষি সংস্থা ঘ. বিশ্ব স্বাস্থ্য সংস্থা

৪১. কত সালে ছয় দফা আন্দোলন হয়েছিল?
ক. ১৯৫২ খ. ১৯৬৬
গ. ১৯৬৯ ঘ. ১৯৭০

http://teachingbd.com

৪২. ১৭৫৭ সাল থেকে ১৯৪৭ সাল পর্যন্ত এদেশে কারা রাজত্ব করে?
ক. ফরাসিরা খ. পর্তুগিজরা
গ. ডাচরা ঘ. ইংরেজরা

৪৩. ভূ-গর্ভের পানি উত্তোলনের কারণে কীসের ওপর প্রভাব পড়ছে?
ক. খনিজ সম্পদ
খ. পরিবেশ ও জলবায়ু
গ. আর্থ-সামাজিক অবস্থা
ঘ. রাজনৈতিক অবস্থা

৪৪. নিচের কোনটি আমাদের পরিবেশের জন্য ক্ষতিকর?
ক. খাল খনন খ. পুকুর খনন
গ. পাহাড় কাটা ঘ. ফসল কাটা

৪৫. আন্তর্জাতিক নারী দিবস কারা প্রথম শুরু করেছিলেন?
ক. কৃষকরা
খ. নারী পোশাক শ্রমিকগণ
গ. শিক্ষকরা ঘ. পুলিশ বাহিনী

৪৬. জাতীয় নারী উন্নয়ন নীতি কত সালে প্রবর্তন করা হয়েছে?
ক. ২০১০ সালে খ. ২০১২ সালে
গ. ২০১৩ সালে ঘ. ২০১৪ সালে

৪৭. সুবিধাবঞ্চিতদের সাহায্য করা আমাদের কীসের প্রতি কর্তব্য?
ক. সমাজের প্রতি খ. রাষ্ট্রের প্রতি
গ. পরিবারের প্রতি ঘ. আত্মীয়দের প্রতি

৪৮. সকল ক্ষেত্রে গণতান্ত্রিক আচরণ করলে কোনটি ঘটবে?
ক. গণতন্ত্র দুর্বল হবে
খ. গণতন্ত্র আরও শক্তিশালী হবে
গ. গণতন্ত্রের পরিবর্তন ঘটবে
ঘ. গণতন্ত্রের কোনো পরিবর্তন ঘটবে না

৪৯. ওঁরাওদের প্রধান উৎসবের নাম কী?
ক. ফাগুয়া খ. পূজা
গ. ওয়াংগালা ঘ. বিশু

৫০. South Asian Association for Regional Co-operation- এর সংক্ষিপ্ত রূপ কোনটি?
ক. SAARC খ. SARC
গ. SRAAC ঘ. SRAC

২. নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ: (১৫টি। প্রথম ১০টি যোগ্যতাভিত্তিক) ১×১৫ = ১৫

ক. পর্যটন কেন্দ্র কুয়াকাটা পটুয়াখালী জেলায় অবস্থিত। মুক্তিযুদ্ধের সময় এটি কত নম্বর সেক্টরের অধীনে ছিল?

খ. ব্রিটিশদের একটি নীতির ফলে এ দেশে ধর্ম, বর্ণভেদে বিভেদ সৃষ্টি হয়। এ নীতির নাম কী?

গ. বুড়িগঙ্গা নদীর তীরে ১৬৭৮ খ্রিষ্টাব্দে একটি কেল্লা নির্মাণ করা হয়। কেল্লাটির নাম কী?

ঘ. মনি জাতীয় জাদুঘরে গিয়ে মসলিন শাড়ি দেখলো। মসলিন শাড়ি কোন শিল্পের অন্তর্ভুক্ত?

ঙ. নেপালে ২০১৫ সালের ২৫এ এপ্রিল একটি দুর্যোগ সংঘটিত হয়। দুর্যোগটির নাম কী?

চ. রনি তার সব কাজ একই নিয়মে করতে চায়। রনিকে আমরা কোন ধরনের শিশু বলতে পারি?

ছ. 'ক' ক্ষুদ্র নৃ-গোষ্ঠীরা প্রায় ৪০০ বছর পূর্বে তিব্বত থেকে এসে বাংলাদেশের বিভিন্ন স্থানে বসবাস শুরু করে। 'ক' ক্ষুদ্র নৃ-গোষ্ঠীটির নাম কী?

জ. সুমিত রাস্তা পার হওয়ার সময় ওভারব্রিজ ব্যবহার করে। সুমিতের ওভারব্রিজ ব্যবহারের কারণ কী?

ঝ. মিসেস হাবিবা বাড়ির সকল সিদ্ধান্ত নিজেই গ্রহণ করেন। তার আচরণে কীসের অভাব রয়েছে?

ঞ. জুনায়েদের বাবা জাতিসংঘের একটি শাখায় কর্মরত। শাখাটি বিশ্বের শান্তি ও নিরাপত্তা রক্ষায় কাজ করে। জুনায়েদের বাবা জাতিসংঘের কোন শাখায় কর্মরত?

ট. সরকারিভাবে কোন তারিখে রোকেয়া দিবস পালন করা হয়?

ঠ. ছয় দফা আন্দোলন কত সালে হয়েছিল?

ড. কে বাঁশের কেল্লা নির্মাণ করেছিলেন?

ঢ. প্রতিবছর কত লক্ষ মানুষ মোট জনসংখ্যার সাথে যুক্ত হচ্ছে?

ণ. জাতিসংঘের কোন পরিষদে বিভিন্ন সদস্য শাখার নির্বাচন, বিশ্বের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করা হয়?

৩. ক থেকে জ-এর মধ্যে ৬টি প্রশ্নের উত্তর এবং ঝ ও ঞ থেকে ১টি প্রশ্নের উত্তর দাও: ৫ × ৭ = ৩৫

ক. 'অপারেশন সার্চলাইট' কী? অপারেশন সার্চলাইট পরিচালিত হয়েছিল কেন? অপারেশন সার্চলাইটের তিনটি ফলাফল লেখ। ১+১+৩=৫

খ. ১৮৫৮ সাল থেকে ১৯৪৭ সাল পর্যন্ত বাংলাসহ ভারতে এক ধরনের শাসন বিদ্যমান ছিল। এখানে কোন শাসনের কথা বলা হয়েছে? বাংলায় উক্ত শাসনের প্রভাব চারটি বাক্যে লেখ। ১+৪=৫

গ. মজিদ মিয়ার ছেলেমেয়ের সংখ্যা ছয়জন। অভাবের কারণে তারা স্কুলে যায় না। মজিদ মিয়ার সন্তানরা কোন চাহিদা থেকে বঞ্চিত হচ্ছে? উক্ত চাহিদার ওপর অতিরিক্ত জনসংখ্যার প্রভাব সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+৪=৫

ঘ. কামাল সাহেবের কারখানায় কার্পেট, রশি ও বস্তা তৈরি হয়। এগুলো তৈরিতে কী ব্যবহার করা হয়? উক্ত দ্রব্য সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+৪=৫

ঙ. সোমার গ্রামের লোকেরা পর্দাপ্রথার দোহাই দিয়ে তাকে শিক্ষা গ্রহণ থেকে বিরত রেখেছে। সোমা কীসের শিকার হয়েছে? এটি মোকাবিলায় কোন মন্ত্রণালয় কাজ করছে? উক্ত মন্ত্রণালয়ের তিনটি কার্যক্রম উল্লেখ করো। ১+১+৩=৫

চ. আমাদের রাষ্ট্র পরিচালনার একটি মূলনীতি প্রতিষ্ঠার জন্য এদেশের জনগণ দীর্ঘদিন সংগ্রাম করেছে। এখানে কোন মূলনীতিটির কথা বলা হয়েছে? মূলনীতিটি সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+৪=৫

ছ. বাংলাদেশের এক ক্ষুদ্র জনগোষ্ঠীর নববর্ষ উৎসবের নাম বিশু। এ জনগোষ্ঠীর নাম কী? এ জনগোষ্ঠীর সমাজব্যবস্থা এবং পোশাক সম্পর্কে দুইটি করে বাক্য লেখ। ১+২+২ = ৫

জ. জাতিসংঘের একটি উন্নয়ন সংস্থার অধীনে প্রতিবছর বিশ্ব স্বাস্থ্য দিবস পালিত হয়। সংস্থাটির নাম কী? সংস্থাটি বিশ্বের কয়টি অঞ্চলে কার্যক্রম পরিচালনা করে? এর কার্যক্রম সম্পর্কে তিনটি বাক্য লেখ। ১+১+৩=৫

ঝ. ঐতিহাসিক নিদর্শনগুলো পরিদর্শনের পাঁচটি কারণ লেখ। ৫

ঞ. বাংলাদেশের পোশাক শিল্পের গুরুত্ব পাঁচটি বাক্যে লেখ। ৫

Teachingbd.com

# উত্তরমালা

১. ১. ঘ. মুক্তিযুদ্ধকে সুন্দরভাবে পরিচালনার জন্য; ২. ক. স্বাধীনতা অর্জন; ৩. ঘ. জয় বাংলা; ৪. খ. সকল মেধাবী লোকের মৃত্যু; ৫. খ. ২০০; ৬. খ. মঙ্গল পাণ্ডে; ৭. ঘ. এ. কে. ফজলুল হক; ৮. ঘ. উয়ারী-বটেশ্বর; ৯. খ. ১৭৭টি; ১০. গ. ১৬১০ সালে; ১১. গ. স্থানসমূহ ভ্রমণ করা; ১২. খ. কৃষিপ্রধান; ১৩. ক. তেল; ১৪. ঘ. চা; ১৫. খ. বস্ত্র শিল্প; ১৬. খ. বস্ত্র; ১৭. ঘ. শিক্ষা; ১৮. ক. শিল্পের প্রসার; ১৯. খ. মানুষ; ২০. ঘ. তীব্র বন্যা; ২১. গ. ভূমিকম্প; ২২. ক. মানবাধিকার রক্ষা; ২৩. খ. অটিজমে আক্রান্ত বলে; ২৪. ক. মানবাধিকার; ২৫. ক. তার প্রতি সদয় থাকব; ২৬. ক. ঐক্যবদ্ধতার; ২৭. খ. মানবাধিকার; ২৮. ঘ. আমরা অসুবিধায় পড়লে তারা এগিয়ে আসেন বলে; ২৯. ঘ. প্রাথমিক চিকিৎসা দিয়ে ডাক্তারের কাছে নিয়ে যাব; ৩০. ঘ. বিদ্যুৎ; ৩১. খ. রাষ্ট্রের প্রতি; ৩২. ঘ. শিক্ষক ও শিক্ষার্থীদের মতামত নিয়ে; ৩৩. ক. গণতন্ত্র; ৩৪. ক. গণতান্ত্রিক মনোভাবের; ৩৫. ক. খাসি মেয়েরা; ৩৬. ঘ. ত্রিপুরা; ৩৭. ক. ওঁরাও; ৩৮. খ. জাতিসংঘ; ৩৯. ঘ. ইউনিসেফ; ৪০. গ. খাদ্য ও কৃষি সংস্থা; ৪১. খ. ১৯৬৬; ৪২. ঘ. ইংরেজরা; ৪৩. খ. পরিবেশ ও জলবায়ু; ৪৪. গ. পাহাড় কাটা; ৪৫. খ. নারী পোশাক শ্রমিকগণ; ৪৬. খ. ২০১২ সালে; ৪৭. ক. সমাজের প্রতি; ৪৮. খ. গণতন্ত্র আরও শক্তিশালী হবে; ৪৯. ক. ফাগুয়া; ৫০. ক. SAARC।

২. ক. ৯ নম্বর সেক্টরের অধীনে ছিল।
খ. 'ভাগ কর শাসন কর' নীতি।
গ. লালবাগ কেল্লা
ঘ. তাঁত শিল্প।
ঙ. ভূমিকম্প।
চ. অটিস্টিক শিশু।
ছ. গারো।
জ. দুর্ঘটনার হাত থেকে রক্ষা পাওয়ার জন্য।
ঝ. গণতান্ত্রিক মনোভাবের।
ঞ. নিরাপত্তা পরিষদ।
ট. ৯ই ডিসেম্বর।
ঠ. ১৯৬৬ সালে।
ড. তিতুমির।
ঢ. প্রায় ৩০ লক্ষ মানুষ।
ণ. সাধারণ পরিষদ।

Teachingbd.com

http://teachingbd.com